

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫১২(আগরতলা, ৮।৩)

ধর্মনগর, ৮ মার্চ, ২০১৯

ধর্মনগরে কুষ্ঠ রোগ সম্পর্কে সচেতনতামূলক  
শিবির অনুষ্ঠিত

সম্প্রতি জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় প্রাঙ্গণে কুষ্ঠরোগ সম্পর্কে এক সচেতনতামূলক শিবির অনুষ্ঠিত হয়। জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সোসাইটির উদ্যোগে এই সচেতনতামূলক শিবিরের আয়োজন করা হয়। শিবিরে জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ জগদীশ চন্দ্র নমঃ। কুষ্ঠরোগী সনাক্তকরণ, কুষ্ঠরোগের চিকিৎসা, বিনামূল্যে পরামর্শ ও সরকারী চিকিৎসা পরিষেবা প্রদানের বিষয় তুলে ধরে আলোচনা করেন। কুষ্ঠ রোগের শুরুতেই সনাক্তকরণের পর নিয়মিত বিনামূল্যে সরকারী চিকিৎসার মাধ্যমে অক্ষমতা, পঙ্গুত্ব, অঙ্গ বিকৃতি ইত্যাদি প্রতিরোধ করা যায় বলে তিনি জানান। শিবিরে জেলার ইম্যুনাইজেশন অফিসার ডাঃ আশীষ দাস কাননগোও আলোচনায় অংশ নেন। অনুষ্ঠানের শেষদিকে অংশগ্রহণকারী আশাকর্মী, মহিলা আরোগ্য সমিতির কর্মী এবং আশা ফেসিলিটরদের মধ্যে কুষ্ঠরোগ সম্পর্কিত বিষয়ে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ জগদীশ চন্দ্র নমঃ, ইম্যুনাইজেশন অফিসার ডাঃ আশীষ দাস কাননগো, প্যারামেডিকেল ওয়ার্কার কান্তামনি চাকমা, মহিলা আরোগ্য সমিতির সভাপতি মিত্রা সরকার প্রমুখ।

\*\*\*\*\*